

## তোমাকে পাশে নিয়ে

এফ. আহমেদ

তোমাকে পাশে আলিঙ্গনে জড়িয়ে  
আমি হেটে যেতে পারি সহস্র মাইল ।  
বিনা ক্লান্তিতে পার করে দিতে পারি -  
বন থেকে বনান্তর ।  
আমার তোমাকে নিয়ে তেমনি হেটে বেড়াতে ইচ্ছে করে -

যেন পথ না ফুরায় ।  
যেন জনহীন প্রান্তর -  
শুধু তুমি আর আমি,  
গল্প করছি আর হাটছি ।  
কখনো নীরব ভাষায়  
বলে যাচ্ছি হৃদয়ের সব কথা  
কখনো অনুভবে  
বুঝে নিচ্ছি সব আকুলতা  
মাথার ওপর খোলা আকাশ  
গাছের ফাকে ফাকে দেখা যাচ্ছে  
বৃক্ষরাজি ঢেকে দিচ্ছে  
রোদের সব তীব্রতা ।  
ছাতার মত আগলে রাখছে  
বৃষ্টির আক্রমন থেকে,  
গাছে গাছে পাথির কাকলী  
আনন্দে ভরে দিচ্ছে মন  
পাশে বহমান জলধারা  
দিচ্ছে চলার গতি ।  
ঝিরঝিরে হাওয়া  
সব ক্লান্তি দিচ্ছে দুর করে ।  
আছে কি এমন কোন স্থান  
এই সভ্যতার যুগে?  
হবে কি পাওয়া  
আমার এই স্বপ্ন বাস্তবে?